



প্রেস-রিজিড

শেরে বাংলা এ কে ফজলুল হক-এর জন্মদিনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিন্দ্র শ্রদ্ধা নিবেদন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ অক্টোবর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে শেরে বাংলা এ কে ফজলুল হক-এর ১৪৯ তম জন্মবার্ষিকী। এ উপলক্ষে শেরে বাংলা হল বরিশাল বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ২৬ অক্টোবর দুপুর ১২ টায় শেরে বাংলা এ কে ফজলুল হকের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অপর্ণের মাধ্যমে জন্মদিনে তাঁর প্রতি বিন্দ্র শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। শ্রদ্ধা নিবেদন শেষে উপাচার্য মহোদয় শেরে বাংলা এ কে ফজলুল হকের জীবনী চর্চাসহ প্রত্যেকের জীবনে মহান এ নেতার আদর্শের প্রতিফলন ঘটাতে সকলের প্রতি আহবান জানান। শেরে বাংলা হলের প্রাধ্যক্ষ আবু জাফর মিয়ান সভাপতিত্বে এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ড. আব্দুল কাইউম, সাধারণ সম্পাদক ড. আবদুল বাতেন চৌধুরী, বঙ্গবন্ধু হলের প্রাধ্যক্ষ আরিফ হোসেন, প্রক্টর ড. খোরশেদ আলমসহ শেরে বাংলা হলের আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্রলীগ নেতৃবৃন্দ। এদিকে শেরে বাংলা এ কে ফজলুল হকের জন্মদিন উপলক্ষে শেরে বাংলা হলের আয়োজনে আগামী ৩১ অক্টোবর সন্ধ্যা ৭.৩০ টায় আলোচনা সভা ও কুইজ প্রতিযোগীতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়